

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

সাধারণ বীমা টাওয়ার(৯ম তলা)

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা।

www.idra.org.bd

স্মারক নং ৫৩.০৩.০০০০.০০৯.১১.০০৩.১৮.১৬৪

তারিখ : ১৪/১০/২০১৯

পরামর্শক নিয়োগ বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে পরামর্শক নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	সংখ্যা	যোগ্যতা/অভিজ্ঞতা
০১.	পরামর্শক	নন-লাইফ বীমা বিষয়ে ০১ জন	<p>নন-লাইফ :</p> <ul style="list-style-type: none"> প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা স্নাতকোত্তর পাশ হতে হবে। নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানিতে কমপক্ষে ১৫(পনর) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বীমা কোম্পানির রেগুলেটরী কমপ্রায়স, হিসাব, অভ্যন্তরীণ নিরীক্ষা, বীমা দাবি, বীমা পরিকল্প ইত্যাদি বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রিমিয়াম হার নির্ধারণ, অবলিখন, পুনঃবীমা ইত্যাদি বিষয়ে বিশেষ দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে ইন্স্যুরেন্স কোর প্রিন্সিপালস (ICP) বিষয়ে স্পষ্ট ধারণা থাকতে হবে। বীমা/হিসাবরক্ষণ/আইন বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে, এক্ষেত্রে প্রয়োজনবোধে অভিজ্ঞতা শিথিলযোগ্য। বীমা কোম্পানির সংঘ স্মারক এবং সংঘ বিধিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি তৈরীর কাজের ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে। বীমা আইন, ২০১০, কোম্পানি আইন, ১৯৯৪, মূল্য সংযোজন আইন, স্ট্যাম্প আইন সম্পর্কে ধারণা থাকতে হবে।
		লাইফ বীমা বিষয়ে ০১ জন	<p>লাইফ :</p> <ul style="list-style-type: none"> প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা স্নাতকোত্তর পাশ হতে হবে। লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানিতে কমপক্ষে ১৫(পনর) বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বীমা কোম্পানির রেগুলেটরী কমপ্রায়স, হিসাব, অভ্যন্তরীণ নিরীক্ষা, বীমা দাবি, বীমা পরিকল্প, বিপণন ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে ইন্স্যুরেন্স কোর প্রিন্সিপালস (ICP) এবং বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ডস (BAS) বিষয়ে স্পষ্ট ধারণা থাকতে হবে। বীমা কোম্পানির সংঘ স্মারক এবং সংঘ বিধিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি তৈরীর কাজের ধারণা ও অভিজ্ঞতা থাকতে হবে। বীমাকারীর চার্ট অব একাউন্টসহ প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যবস্থাপনা ব্যয়, আর্থিক বিবরণী তৈরী, শেয়ারবাজার সম্পর্কিত ধারণা, বীমা আইনে নির্ধারিত ব্যবস্থাপনা ব্যয়ের অনুমোদিত সীমাসহ অন্যান্য আর্থিক নির্ণায়ক মূল্যায়নের অভিজ্ঞতা থাকতে হবে। বীমা আইন, ২০১০, কোম্পানি আইন, ১৯৯৪, মূল্য সংযোজন আইন, স্ট্যাম্প আইন সম্পর্কে ধারণা থাকতে হবে। বীমা/হিসাবরক্ষণ/আইন বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে, এক্ষেত্রে প্রয়োজনবোধে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

দরখাস্তকারীকে সাদা কাগজে নিম্ন বর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালন পূর্বক আবেদন করতে হবে।

- ০১। (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ (জ) অভিজ্ঞতা (ঝ) নাগরিকত্ব সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ০২। 'চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' বরাবর দরখাস্ত আগামী ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ০৩। দরখাস্তের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি(রঙিন), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। প্রত্যেক দরখাস্তকারীকে দরখাস্তের সাথে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- ০৫। কর্তৃপক্ষে কর্মরত পরামর্শকগণও আবেদন করতে পারবেন।
- ০৬। পরামর্শক নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত শিথিল ও নতুন শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

(পরিচালক)
প্রশাসন